গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,বাগেরহাট।
bagerhat@cs.dghs.gov.bd

স্মারক নং-সিএসবি/এস-১/প্রশা/নিয়োগ-১/২০২৪/৩৩৬ তারিখ- ..২৫../০২/২০২৪খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের,স্বাস্থ্য সেবা বিভাগ,প্রশাসন-১ শাখা,বাংলাদেশ সচিবালয়,ঢাকা এর স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০২.২৪-১৫৩ তারিখ ১৮/০১/২০২৪খ্রিঃ মোতাবেক প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে সিভিল সার্জন কার্যালয়, বাগেরহাট ও এর নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে ২০১৮খ্রিঃ সনের নিয়োগ বিধির আলোকে নিম্ন বর্নিত শূন্য পদ সমূহে জাতীয় বেতন স্কেল-২০১৫খ্রিঃ অনুযায়ী রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে পূর্বতন ৩য় শ্রেণীর(১৩-১৬গ্রেড) জনবল নিয়োগের লক্ষ্যে বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্ন বর্নিত শর্ত সাপেক্ষে http://csbagerhat.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইন(Online)এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন(Online)ব্যতীত কোন দরখাস্ত গ্রহন করা হবেনা।

| ক্রমিক নম্বর | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার অপারেটর | ০৫(পাঁচ)টি | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/= | (ক)কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে ।<br>কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ২ | পরিসংখ্যাণবিদ | ০৬(ছয়)টি | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/= | (ক)কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যাণ/গনিত বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>(খ)কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৩ | কীটতত্ত্বীয় টেকনিশিয়ান | ০২(দুই)টি | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/= | কোন স্বীকৃত বোর্ড হতে জীব বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ন হতে হবে। |
| ৪ | কোল্ড চেইন টেকনিশিয়ান | ০১(এক)টি | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/= | কোন স্বীকৃত বোর্ড হতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল)পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৫ | স্টোর কিপার | ০৫(পাঁচ)টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/= | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) ষ্টোর কিপার পদে নিয়োগের জন্য চুড়ান্ত বিবেচিত হলে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। |
| ৬ | স্বাস্থ্য সহকারী | ১৫৭(একশত সাতান্ন)টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/= | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ন হতে হবে। |
| ৭ | ড্রাইভার | ০৫(পাঁচ)টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/= | (ক)কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ন হতে হবে।<br>(খ) হালকা গাড়ী চালনার হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। |

০১। আগ্রহী প্রার্থীগণ http://csbagerhat.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে প্রকাশিত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম পূরণ করতে পারবেন। অন্য কোন ভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র লিখিত,মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

০২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও জাতীয় পরিচয়পত্র অনুযায়ী বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

০৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্নিত স্থায়ী ঠিকানা(Permanent Address)যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্নিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়,তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র(NID) অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র দাখিল করতে হবে।

০৫। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারেক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৩/২০১৮/৪৫২৫ তারিখঃ ০৮/১০/২০১৮খ্রিঃ মোতাবেক দৈনিক ইত্তেফাক পত্রিকায় ০৯/১০/২০১৮খ্রিঃ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী উল্লেখিত পদ সমূহে ইতিপূর্বে অনলাইনে আবেদন করেছেন তাদের পূনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

০৬। কম্পিউটার অপারেটর ও ড্রাইভার পদের প্রার্থীগণ লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্য হবেন।

০৭। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সাবেক ওয়ার্ড ভিত্তিক প্রার্থীদের নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড (একই ইউনিয়ন) হতে যোগ্য প্রার্থী দ্বারা শূন্য পদ পূরন করা হবে। সাবেক ওয়ার্ড ভিত্তিক শূন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস,বাগেরহাট ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় সমূহে নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

০৮। বীর মুক্তিযোদ্ধা,এতিম ও শারীরিক প্রতিবন্ধী,ক্ষুদ্র নৃ-গোষ্ঠি,আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটাসহ অন্যান্য বিশেষ কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ বিধি-বিধান প্রতিপালিত হবে এবং আবেদনপত্র পূরণের সময় কোটা উল্লেখ করতে হবে। আবেদনের সময় কোটা উল্লেখ না থাকলে পরবর্তীতে কোটা বিবেচনা করা হবে না।

০৯। আবেদনকারীর বয়স :
(ক) ০১/০২/২০২৪খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮(আঠার)বছর এবং সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি সনদপত্র/জন্মনিবন্ধন ব্যতীত অন্য কোন প্রসংশাপত্র/এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে(নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় তার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ(NOC) এর মূল কপি জমা দিতে হবে। প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যাক্তি ফৌজদারী অপরাধে দন্ডিত হলে কিংবা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

(গ) সরকারের বিদ্যমান বিধি-বিধান ও আইন বা এতদসংক্রান্ত প্রজ্ঞাপন/সার্কুলার দ্বারা বিভাগীয় প্রার্থী নির্ধারণ হবে।

(ঘ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status থেকে নির্ধারিত Option Select করতে হবে।

১০। প্রার্থীগণকে আবেদনপত্র পূরণের সময় সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ করতে হবে। আবেদনের সময় অর্জিত শিক্ষাগত যোগ্যতা /অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ না থাকলে পরবর্তীতে বিবেচনা করা হবে না। বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয়ের /বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

১১। অনলাইন (Online)-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী ও সময়সীমা নিম্নরূপ ঃ
(ক) আগ্রহী প্রার্থীগণ http://csbagerhat.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম পূরণ করতে হবে।
(খ) Online-এ আবেদন ফরম পূরণ ও আবেদন ফি জমাদান শূরুর তারিখ ও সময় ২৮/০২/২০২৪খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।
(গ) Online-এ আবেদন ফরম জমাদানের শেষ তারিখ ও সময় ১৯/০৩/২০২৪খ্রিঃ বিকাল ০৪.০০ ঘটিকা।
(ঘ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১২। আবেদনের পদ্ধতিঃ
(ক)Online-এ আবেদন ফরমে প্রার্থী তার রঙ্গিন ছবি(দৈর্ঘ্য৩০০x প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর(দৈর্ঘ্য৩০০x প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।
(খ) Online আবেদন ফরম-এ পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে,সেহেতু Online-এ আবেদন ফরম Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
(গ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন ফরম এর একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

505

১৩। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ
Online-এ আবেদন ফরম (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদন ফরম Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant`s Copy -তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি ও স্বাক্ষর সঠিক না থাকে,তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পূনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant`s Copy -তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি,নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি Download পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant`s Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ গ্রেড ১৩ থেকে ১৬ পর্যন্ত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ মোট(অফেরতযোগ্য) ২২৩/-(দুইশত তেইশ) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য,Online আবেদন ফরম এর সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এর আবেদন ফরম কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : CSBAGERHAT<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSBAGERHAT ABCDEF এবং 16222 নম্বরে Send করতে হবে।
Reply: Applicant`s name,Tk.223/- will be charged as Application fee.Your PIN is xxxxxxxx.To pay fee Type CSBAGERHAT <space> Yes <space>PIN and send to 16222।
আপনাকে ৮ সংখ্যার একটি PIN নম্বর দেয়া হবে যেমন 12345678।

দ্বিতীয় SMS : CSBAGERHAT <space> Yes <space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: CSBAGERHAT Yes 12345678 এবং 16222 নম্বরে Send করতে হবে।
Reply : Congratulation Applicant`s Name,payment complete successfully for CSBAGERHAT.Application for <post name> User ID is (ABCDEF) and PIN(xxxxxxxx).

১৪। শুধু যোগ্য প্রার্থীদেরকে প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csbagerhat.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর নিজস্ব ব্যবহৃত মোবাইল ফোনে SMS এর মাধ্যমে(শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদন ফরম এ প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর,পদের নাম,ছবি,পরীক্ষার তারিখ,সময় ও ভ্যেনুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্ন বর্নিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পূনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে: CSBAGERHAT <space> Help <space>User<space> User IDথাকলে এবং 16222 নম্বরে পাঠান।
Example: CSBAGERHAT HELP USER ABCDEF লিখে 16222 নম্বরে Send করতে হবে।

(খ) PIN Number জানা থাকলে: CSBAGERHAT <space> Help <space>PIN<space> PIN No এবং 16222 নম্বরে পাঠান।
Example: CSBAGERHAT Help PIN 12345678 লিখে 16222 নম্বরে Send করতে হবে।

১৫। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.quary@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। লিখিত ,মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও ওয়েবসাইট www.cs.bagerhat.gov.bd এর মাধ্যমে জানানো হবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেজবুক পেইজে http://www.facebook.com/ alljobsbd Teletalk এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.quary@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে ।(Mail/ মেসেজ এর Subject এ Organization Name: CSBAGERHAT. Post Name.Applicant`s User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৬। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত,ব্যবহারিক পরীক্ষা(প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং ০১(এক) সেট সরকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র ও অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

(খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন।

(গ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) নাগরিক সনদপত্র।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ণপত্র।

(চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিস্ট সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) ক্ষুদ্র  নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের (নূন্যতম ২১ দিনের মৌলিক প্রশিক্ষণ থাকতে হবে)। প্রার্থীদের ক্ষেত্রে আনসার ভিডিপির জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) সকল চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।

(ঞ) Download কৃত Applicant`s Copy এবং Admit Card এর কপি।

১৭। প্রার্থীকে লিখিত,ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা,ভুল/ভিন্ন তথ্য দিয়ে একাধিকবার আবেদন ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দূর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে ও পরে,এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করাসহ সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২০। এ নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২১। সিভিল সার্জন আফিস,বাগেরহাট এর নোটিশ বোর্ড এবং (www.cs.bagerhat.gov.bd) ওয়েবসাইট -এ নিয়োগ বিজ্ঞপ্তি,পরীক্ষার ফলাফলসহ এতদসংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটক এর জব পোর্টাল ফেসবুক ফেইজে http://www.alljobs.teletalk.com.bd/csbagerhat ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

507

২২। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ণ চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেষ্ট করা হবে। ডোপটেষ্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে আগ্রহী প্রার্থীদের সতর্কতার সাথে অনলাইনে যথাযথভাবে আবেদন ফরম পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

25.02.24

(ডাঃ জালাল উদ্দিন আহমেদ)
সিভিল সার্জন, বাগেরহাট।
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং-সিএসবি/এস-১/প্রশা/নিয়োগ-১/২০২৪/ ৩০৬/৫০ তারিখ- ২৫/০২/২০২৪খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব(প্রশাসন-১)।
০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক(সমন্বয়)।
০৩। পরিচালক প্রশাসন/অর্থ/পিএইচসি/এমই, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৫। পরিচালক (স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা।
০৬। জেলা প্রশাসক, বাগেরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
০৭। পুলিশ সুপার, বাগেরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
০৮। মেয়র, বাগেরহাট পৌরসভা/মোংলা পোর্ট পৌরসভা/মোড়েলগঞ্জ পৌরসভা, বাগেরহাট।
০৯। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, বাগেরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১০। জেলা তথ্য কর্মকর্তা, বাগেরহাট।(বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১১। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাগেরহাট।
১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .........(সকল), বাগেরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ..(সকল), বাগেরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্ত(সকল), বাগেরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১৫। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ....................(সকল), বাগেরহাট।
১৬। ........................................................................................ বাগেরহাট।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং#৩/এ,৫/এ,৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
১৮। সম্পাদক, ............................................। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার প্রকাশিত পত্রিকায় ০১(এক) দিন প্রকাশকরণ এবং প্রকাশিত পত্রিকার নমুনা কপি ০৫(পাঁচ) সেট নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৯। পরিসংখ্যাণ সহকারী, অত্রকার্যালয়। ই-মেইলে/ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
২০। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২১। অফিস নথি।

25.02.24

(ডাঃ জালাল উদ্দিন আহমেদ)
সিভিল সার্জন, বাগেরহাট।
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি।